



## মানবাধিকার সম্মেলনে দক্ষিণ কোরিয়া যাচ্ছেন আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক মানবাধিকারবিষয়ক এক সম্মেলনে অংশ নিতে দক্ষিণ কোরিয়া সফরে যাচ্ছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। দলের কেন্দ্রীয় সদস্য ও মিডিয়া সেলের দায়িত্বশীল ইয়াসির আরাফাত এ তথ্য জানিয়েছেন।

দক্ষিণ কোরিয়ার গুয়াংজুতে অনুষ্ঠিত হতে যাওয়া 'ওয়ার্ল্ড হিউম্যান রাইটস সিটিস ফোরাম ২০২৬'-এ যোগ দিতে রোববার (১০ মে) রাতে দেশ ছাড়বেন তিনি। সম্মেলনের বিভিন্ন অধিবেশনে মানবাধিকার, নাগরিক অংশগ্রহণ ও গণতান্ত্রিক মূল্যবোধ নিয়ে আলোচনা হবে, যেখানে অংশ নেবেন আসিফ মাহমুদ।

সফরের সময় প্রবাসী বাংলাদেশীদের সঙ্গেও মতবিনিময় করবেন তিনি। প্রবাসীদের জীবনযাত্রা, সমস্যা, সম্ভাবনা এবং দেশের উন্নয়নে তাদের অবদান নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

এ ছাড়া এনসিপি ডায়ালগস্ট্রা অ্যালায়েন্সের দক্ষিণ কোরিয়া শাখার উদ্যোগে আয়োজিত কয়েকটি সাংগঠনিক বৈঠক ও কমিউনিটি কার্যক্রমেও অংশ নেবেন তিনি।

সফর শেষে আগামী ১৯ মে দেশে ফেরার কথা রয়েছে আসিফ মাহমুদের।